

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২১/১৮৪৭/১৪

তারিখ: ০৭/০৫/২০২৩খ্রি.


বিষয় : সহকারী অধ্যাপক পদে পদোন্নতি সংক্রান্ত।

সূত্র : ১) জনাব নির্মল কুমার রায় এর ০৩.১০.২০২২খ্রি. তারিখের আবেদন;

২) পরিচালক, ঢাকা অঞ্চল, ঢাকা এর স্মারক নং-মাউশি/ঢাঅ/তদন্ত/২০১৭/২৩২৯, তারিখ: ৩০.০৩.২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলাধীন বিক্রমপুর আদর্শ ডিগ্রি কলেজ এ জনবল কাঠামো ও এম.পি.ও.নীতিমালা-২০২১ এর জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘন করে জুনিয়র প্রভাষককে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়ায় জনাব নির্মল কুমার রায়, প্রভাষক (ইংরেজি) বঞ্চিত হয়েছেন মর্মে আবেদন দাখিল করেছেন।

বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার পর্যবেক্ষণ ও মতামতের আলোকে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৩ অনুচ্ছেদ অনুযায়ী (ক) জনাব নির্মল কুমার রায় এর চেয়ে জুনিয়র ০৪ (চার) জন শিক্ষক যথাক্রমে (০১) জনাব গোলাম মোহাম্মদ ইসমাইল হোসেন মওদুদ (ভূগোল), (০২) মোহাম্মদ শাহরিয়ার চৌধুরী (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপন্ন), (০৩) মোঃ আশরাফুল আলম (ইংরেজি) এবং (০৪) খালেদা সুলতানা (উদ্ভিদবিদ্যা) কে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির প্রস্তাব প্রেরণ করায় কেন অধ্যক্ষ জনাব মোঃ ওয়াহিদুর রহমান খান এর এমপিও বিধি মোতাবেক স্থগিত করা হবে না সে বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ ব্যাখ্যা করণের জন্য এবং একই বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে মতামত প্রদানের জন্য গভর্নিং বডি'র সভাপতিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭



জনাব মোঃ ওয়াহিদুর রহমান খান

অধ্যক্ষ, বিক্রমপুর আদর্শ ডিগ্রি কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;

অনুলিপি: অবগতি ও সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;

০২। সভাপতি, বিক্রমপুর আদর্শ ডিগ্রি কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;

০৩। জনাব নির্মল কুমার রায়, প্রভাষক (ইংরেজি), বিক্রমপুর আদর্শ ডিগ্রি কলেজ, সিরাজদিখান, মুন্সীগঞ্জ;

০৪। সংরক্ষণ নথি।